- সাবস্ক্যাপুলার, সুপ্রাস্পাইনাস ও ইনফ্রাস্পাইনাস ফসা নামক তিনটি অবতল অংশ বা ফসা থাকে।

☐ থাইরয়েড গ্রন্থি:

- ট্রাকিয়ার (শ্বাসনালি) উভয় পাশে অবস্থিত।
- ২৫ গ্রাম ওজন।
- ফলিকুলার ও প্যারামিউলার কোষ নিয়ে গঠিত।
- এটি পুরুষ অপেক্ষা স্ত্রীলোকে অধিক স্পষ্ট।
- প্রজাপতি আকৃতির গ্রন্থি।
- বিভিন্ন আকারের থাইরয়েড ফলিকুল দ্বারা গ্রন্থিটি গঠিত।
- থাইরয়েড গ্রন্থির দুটি খন্ড 'ইথমাস' (isthmus) নামক সংযোজক দ্বারা যুক্ত।
- এটি সবচেয়ে বড় অন্তঃক্ষরা গ্রন্থি।

16. কোন উদ্দীপনা অ্যানিমোট্যাক্সিসকে প্রভাবিত করে?

A. বায়ুপ্রবাহ

B. আদ্রতা

C. মাধ্যাকর্ষণ

D. তাপ

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল	প্রাণীর আচরণ	ট্যাক্সিস এবং এর প্রকারভেদ

**S@Why** বায়ুপ্রবাহের প্রতি প্রাণীর সাড়া → অ্যানিমোট্যাক্সিস (উদাহরণ: পাখি, পতঙ্গ)।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

➤ ট্যাক্সিসের এর প্রকারভেদ:

ট্যাক্সিস	উদ্দীপক	উদাহরণ
কেমোট্যাক্সিস	রাসায়নিক গুরুত্ব	ধনাত্মক: <i>Amoeba, Paramecium</i> , চিনির প্রতি পিপড়ার আকর্ষণ। ঋণাত্মক: <i>Paramecium</i> , হালকা অল্প স্বাদযুক্ত পদার্থে, কার্বলিক এসিড থেকে সাপের দূরে থাকা।
গ্যাভিট্যাক্সিস বা জিওট্যাক্সিস	অভিকর্ষণ/মাধ্যাকর্ষণ	ধনাত্মক: পিউপা, ঋণাত্মক: <i>Caterpillar</i> .
সনো/ফোনোট্যাক্সিস	শব্দ	মাছ (ধনাত্মক ও ঋণাত্মক)
রিওট্যাক্সিস	শ্রোত/পানি প্রবাহ	ধনাত্মক: প্র্যাকটন, মাছের পোনা, ঋণাত্মক: <i>Paramecium</i> ইলিশ, কার্পজাতীয় মাছ, স্যামন মাছ।
থার্মোট্যাক্সিস	তাপ	ধনাত্মক: ছারপোকার মানুষের দিকে গমন। গ্রীষ্মকালে অধিক মাত্রায় মশার প্রকোপ। ঋণাত্মক: <i>Amoeba, Euglena, Paramecium</i> , কুনোব্যাক্টের শীতনিদ্রা
থিগমোট্যাক্সিস	দৈহিক স্পর্শ	ঋণাত্মক: <i>Paramecium</i> , তেলাপোকা।
হাইড্রোট্যাক্সিস	আর্দ্রতা/পানি	ধনাত্মক: কেঁচো
গ্যালভানোট্যাক্সিস	বিদ্যুৎ প্রবাহ	ধনাত্মক: চিংড়ি, <i>Paramecium</i> (অ্যানোডের দিকে) ঋণাত্মক: <i>Paramecium</i> (ক্যাথোডের দিকে), অ্যামিবার (ক্যাথোডের দিকে)
ফটোট্যাক্সিস	আলো	ধনাত্মক: উইপোকা, মাছি, <i>Paramecium, Euglena</i> , ঘাসফড়িং। ঋণাত্মক: আরশোলা, কেঁচো, <i>Planaria</i>
জিওম্যাগনেটোট্যাক্সিস	পৃথিবীর চৌম্বকক্ষেত্র	পাখির অভিমুখ, পোকা।
স্টেরোট্যাক্সিস	সমতল ও সমুগতল	ধনাত্মক: ইঁদুর, টিকটিকি। ঋণাত্মক: বাদুড়।

17. কোনটি জাতক লিপিড?

A. স্টেরয়েড

B. লিপোপ্রোটিন

C. ফসফোলিপিড

D. মোম

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান	কোষ রসায়ন	লিপিড (লিপিডের শ্রেণিবিভাগ)

**S@Why** উদ্ভূত বা জাতক লিপিড হচ্ছে স্টেরয়েড, টারপিন, রাবার।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ সরল লিপিড: চর্বি, তেল, মোম।

☐ যৌগিক লিপিড: ফসফোলিপিড, গ্লাইকোলিপিড, সালফোলিপিড। (GPS)

☐ ফসফোলিপিড: বিশেষ উপাদান ফসফোটেইডিক এসিড, লেসিথিন, সেফালিন, প্লাজমালোজেন প্রভৃতি।

☐ সালফোলিপিড: উদ্ভিদে প্রচুর পরিমাণ এই জৈব যৌগটি পাওয়া যায়। ক্রোরোগ্লাস্টে এর উপস্থিতি সীমাবদ্ধ থাকে।

18. কোনটি গাঠনিক প্রোটিন?

A. ফেরিটিন

B. হিমোগ্লোবিন

C. মায়োগ্লোবিন

D. কোলাজেন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান	কোষ রসায়ন	প্রোটিনের শ্রেণিবিভাগ (জৈবিক কার্যাবলীর ভিত্তিতে)

**S@Why** গাঠনিক প্রোটিন: জীবদেহের বিভিন্ন অংশ গঠন করে। উদাহরণ: কেরাটিন (ত্বক, শিং, নখ, ফুর, পালক), কোলাজেন (অস্থি, টেন্ডন, যোজক টিস্যু), ফাইব্রাইন (সিঁদুর ও মাকড়সার জাল), স্ক্লেরোটিন (পতঙ্গের বহিঃকক্ষাল), কনড্রিন (তরুণাস্থিতে), সেইন (অস্থিতে) ইত্যাদি।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ আকৃতি অনুসারে প্রোটিন ২ প্রকার। যথাঃ-

প্রোটিনের শ্রেণিবিভাগ	উদাহরণ	প্রোটিনের শ্রেণিবিভাগ	উদাহরণ
তন্তুময় প্রোটিন	কেরাটিন, কোলাজেন ফাইব্রাইন, ইলাস্টিন	গ্লোবিউলার প্রোটিন	মায়োগ্লোবিন, ইনসুলিন, হিমোগ্লোবিন।

19. নিচের কোনটি রক্তে বেড়ে গেলে Atherosclerosis হতে পারে?

A. LDL

B. VLDL

C. HDL

D. IDL

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান	কোষ রসায়ন	লিপিড (লিপিড প্রোফাইল)

**SCoWhy** LDL এর মাত্রা বেশি থাকলে রক্তনালি সরু হয়ে হৃদযন্ত্রে রক্ত চলাচল কমে যায়, ফলে করোনারি থ্রম্বোসিস বা atherosclerosis নামক হৃদরোগ হয়। LDL কে Bad Cholesterol বলা হয়।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ লিপিড প্রোফাইল:

- রক্তে কোলেস্টেরল ও চর্বি মাত্রা দেখতে লিপিড প্রোফাইল পরীক্ষা করা হয়।
- রক্তের লিপিড প্রোফাইল পরীক্ষায় Total Cholesterol (TC), Low Density Lipoproteins (LDL), High Density Lipoprotein (HDL) ও Triglyceride (TG)-এর মাত্রা দেখা হয়।
- নিচের তালিকা থেকে খুব সহজেই লিপিড প্রোফাইল (mg/dl = milligram/deciliter) সম্পর্কে ধারণা পাওয়া যায়।

ব্যাখ্যা	TG (mg/dl)	LDL (mg/dl)	HDL (mg/dl)	Total cholesterol (TC)
স্বাভাবিক মাত্রা	< 150	< 100	> 145	< 200
বর্ডার লাইন মাত্রা	150 – 199	130 – 159	90 – 145	200 – 239
ঝুঁকিপূর্ণ মাত্রা	200 – 499	160 – 189	< 90	> 240
অতি ঝুঁকিপূর্ণ মাত্রা	> 500	> 190	< 40	> 240

TC = HDL + LDL + 20% of Triglyceride Level

20. “পিরানহা” কোন প্রাণীভৌগলিক অঞ্চলের প্রাণী?

A. ওরিয়েন্টাল

B. ইথিওপিয়ান

C. নিওট্রপিক্যাল

D. নিআর্কটিক

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আজিবুর রহমান	জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ	প্রাণীর ভৌগলিক অঞ্চল

**SCoWhy** নিওট্রপিক্যাল অঞ্চলের প্রাণির উদাহরণ: পিরানহা, অ্যানাকোন্ডা, জায়ান্ট টরটরিজ, ম্যানাটি, জায়ান্ট আর্মাডিলো, জাঙয়ার, পেঙ্গুইন, অ্যালিগেটর ইত্যাদি।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ প্রাণী ভৌগলিক অঞ্চল সম্পর্কিত কিছু তথ্যাবলি :

অঞ্চলের নাম	অন্তর্ভুক্ত এলাকাসমূহের নাম	প্রধান মেরুদণ্ডী প্রাণীদের নাম
ওরিয়েন্টাল অঞ্চল প্রধান চারটি উপ-অঞ্চলে ভাগ করা যায়- ■ ভারতীয় উপঅঞ্চল ■ সিংহলীয় উপঅঞ্চল ■ ইন্দো-চীন উপঅঞ্চল ■ ইন্দোমালয় উপঅঞ্চল	দক্ষিণ এশিয়া, বাংলাদেশ, পাকিস্তান, ভারত, শ্রীলংকা, সিঙ্গাপুর, থাইল্যান্ড, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, ইন্দোনেশিয়া, নেপাল, ভূটান, তাইওয়ান ইত্যাদি।	হাতি, বাঘ, গীবন, ভালুক, ওরাংউটাং, টাপীর, বাদুর, কবুতর, ফিঙে, কোকিল, ব্লু বার্ড, ময়ূর, কুমির, গুইসাপ, রুই, কাতলা, মৃগেল, ক্যাট ফিস।
ইথিওপিয়ান অঞ্চল	আফ্রিকার সাহারা মরুভূমির দক্ষিণ অঞ্চল, আরবের দক্ষিণ অঞ্চল, মাদাগাস্কার (বা মালগাছি) ও মাদাগাস্কারের নিকটবর্তী কিছু মহাসাগরীয় দ্বীপ।	গরীলা, শিম্পানজী, লেমুর, হাতি, ভৌঁদর, হায়না, গভার, আর্মাডিলো, জিরাফ, জেব্রা, জলহস্তী, উটপাখি, বাজ, শকুন, সারস, ফিঙে, কুমির, গুইসাপ, বোয়া, পাইথন, ক্যাটফিস, লাংফিস।
নিআর্কটিক অঞ্চল	গ্রীনল্যান্ড, মেক্সিকোর উত্তরাঞ্চল, কানাডা, উত্তর আমেরিকার অধিকাংশ, আইসল্যান্ড ইত্যাদি এই অঞ্চলের অন্তর্ভুক্ত।	ঘোড়া, উট, লামা, আলপাকা, গোয়াল্কা, নেকড়ে, মেরুশিয়াল, ভালুক, ক্যাঙ্গারু, বাইসন, লালহরিণ, পেলিকান, শকুন, টার্কিস, হামিংবার্ড, ফিঙে, কচ্ছপ, এলিগেটর, কুমির, প্রবাল, সাপ, স্যালামান্ডার, প্যাডেল ফিস, বো ফিন, সাকার ফিস, ক্যাটফিস ইত্যাদি।

21. দেহকোষের ক্ষেত্রে কোনটি সঠিক?

A. মিওসিস পদ্ধতিতে কোষ বৃদ্ধি করে

B. মিউটেশনের মাধ্যমে সন্তানে সঞ্চারিত হয়

C. হ্যাপ্লয়েড সংখ্যক ক্রোমোসোম থাকে

D. দেহের বিভিন্ন কোষে বিভেদিত হতে পারে

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আব্দুল আলীম	কোষ ও এর গঠন	কোষের প্রকারভেদ

**SDWhy** যেসব কোষ বহুকোষী জীবদেহের বিভিন্ন অঙ্গ ও তন্ত্র গঠন করে এবং বংশগতিয় তথ্যকে সন্তান-সন্ততিতে সঞ্চারিত করতে অক্ষম তাদের দেহকোষ বলে। এপিথেলিয়াল কোষ, পেশিকোষ, স্নায়ুকোষ, কোলেনকাইমা কোষ, জাইলেম কোষ ইত্যাদি দেহকোষের উদাহরণ।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ দেহকোষ ও জননকোষের মধ্যে পার্থক্য:

দেহকোষ	জননকোষ
দেহকোষ জীবদেহের বিভিন্ন অঙ্গ ও তন্ত্র গঠন করে	জননকোষ জীবের যৌন জননে অংশগ্রহণ করে
দেহকোষে ডিপ্লয়েড (2n) সংখ্যক ক্রোমোসোম থাকে	জননকোষে হ্যাপ্লয়েড (n) সংখ্যক ক্রোমোসোম থাকে
দেহকোষ দ্বারা বংশগতিয় তথ্য পরবর্তী বংশধরে সঞ্চারিত হয় না	জননকোষ দ্বারা বংশগতিয় তথ্য পরবর্তী বংশধরে সঞ্চারিত হয়
পূর্বে বিদ্যমান দেহকোষ মাইটোসিস পদ্ধতিতে বিভাজিত হয়ে নতুন দেহকোষ সৃষ্টি হয়	জীবের জনন অঙ্গের বিশেষ ধরনের কোষ মাইটোসিস পদ্ধতিতে বিভাজিত হয়ে জননকোষ সৃষ্টি করে
দেহকোষে মিউটেশন ঘটলে তা সন্তানে সঞ্চারিত হয় না	জননকোষে মিউটেশন ঘটলে তা সন্তানে সঞ্চারিত হয়
দেহকোষ দেহের বিভিন্ন কোষে বিভেদিত হতে পারে	জননকোষ দেহের বিভিন্ন কোষে বিভেদিত হতে পারে না

22. সেলুলোজ সম্পর্কে কোনটি সঠিক?

A. সহজে হজম হয় B. শাখান্বিত পলিমার C. মলের বেশীরভাগ D. খাদ্যের প্রধান উপাদান

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান	কোষ রসায়ন	সেলুলোজ (সেলুলোজের ব্যবহার)

**SCoWhy** প্রাণীর খাদ্যের সাথে আগত সেলুলোজের অধিকাংশই মল হিসেবে বহিষ্কৃত হয় যা প্রাণীর জীবন ধারণের জন্য অত্যাবশ্যিক।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ সেলুলোজ এর বৈশিষ্ট্য :

- সেলুলোজ সহজে হজম হয় না। অশাখান্বিত পলিমার এবং উদ্ভিদের কোষ প্রাচীরের প্রধান গাঠনিক উপাদান।
- সেলুলোজ গন্ধহীন, স্বাদহীন, সাদা ও কঠিন জৈব-রাসায়নিক পদার্থ।
- আণবিক ওজন ২ লক্ষ থেকে কয়েক লক্ষ।
- এটি শক্ত ও ফাইবারের মতো।
- এটি পানি বা সাধারণ দ্রবণে অদ্রবণীয়।
- আয়োডিন দ্রবণে কোন রং দেয় না।
- এটির কোন পুষ্টিগুণ নেই।

☐ সেলুলোজ এর ব্যবহার:

- উদ্ভিদের কোষ প্রাচীর সেলুলোজ নির্মিত।
- সেলুলোজ কাগজ ও বস্ত্রশিল্পের প্রধান উপাদান। টিস্যু ও ফিল্টার পেপার এবং প্যাকেজিং এর দ্রব্যসমূহ তৈরিতে ব্যবহৃত হয়।
- কাঠখেকো কীটপতঙ্গের পৌষ্টিকনালীতে বসবাসকারী এক ধরনের পরজীবী সেলুলোজ নামক উৎসেচক নিঃসৃত করে কাঠ হজমে সাহায্য করে।
- অ্যাসিটেট ফটোগ্রাফিক ফিল্ম এবং নাইট্রেট বিস্ফোরক হিসেবে ব্যবহৃত হয়।
- নির্মাণ সামগ্রী এবং আসবাবপত্র তৈরিতে ব্যবহৃত হয়।
- বায়োটেকনোলজিতে ব্যবহৃত হয়।
- খিন লেয়ার ক্রোমাটোগ্রাফিতে স্টেশনারি ফেজ হিসেবে ব্যবহৃত হয়।

23. এনজাইমের বিষয়ে কোনটি সঠিক?

A. রাসায়নিক বিক্রিয়ার ফলে পরিবর্তন হয় B. আমিষ দিয়ে গঠিত C. ভিটামিন থেকে পাওয়া যায় D. আণবিক ওজন 500 Daltons এর কম

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান	কোষ রসায়ন	এনজাইম সম্পর্কিত তথ্যাবলি

**S(B)Why** এনজাইম বা উৎসেচক হলো প্রোটিনধর্মী যৌগ যারা বিভিন্ন জৈবিক বিক্রিয়ায় স্বল্পমাত্রায় অংশগ্রহণ করে বিক্রিয়ার হারকে ত্বরান্বিত করে এবং বিক্রিয়া শেষে নিজেরা অপরিবর্তিত থাকে। বিজ্ঞানী কুন সর্বপ্রথম এনজাইম শব্দটি ব্যবহার করেন। সামান্য প্রথম ইউরিয়োজ নামক এনজাইমটি কোষ হতে পৃথক করেন এবং বলেন যে, 'Enzymes are proteins'। আজ পর্যন্ত প্রায় ৩০০০ প্রকার এনজাইম শনাক্ত করা সম্ভব হয়েছে।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ এনজাইম সম্পর্কিত বিশেষ তথ্যাবলি:

বৈশিষ্ট্য	এনজাইম	বৈশিষ্ট্য	এনজাইম
রাসায়নিক ধরন	(50-60)° সে. তাপমাত্রায় কার্যকারিতা থাকে না	ভিটামিন	কোন ভিটামিন এনজাইম হিসেবে কাজ করে না।
স্বকীয়তা	স্বতন্ত্র উপায়ে সক্রিয়	উদাহরণ	প্রোটিনেজ, লাইপেজ ইত্যাদি।
ডায়ালাইসিস	এটি ডায়ালাইসিস করা যায় না।	আণবিক ওজন	12 হাজার থেকে 10 লক্ষ ডাল্টন।

24. অ্যাথলেট'স ফুট (Athlete's foot) এর কারন কি?

A. ছত্রাক ও ভাইরাসের সংক্রমণ B. ভাইরাস ও ব্যাকটেরিয়ার সংক্রমণ C. আঘাতজনিত ক্ষত D. ছত্রাক ও ব্যাকটেরিয়ার সংক্রমণ

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আজিবুর রহমান	শৈবাল ও ছত্রাক	ছত্রাকের অপকারিতা

**S(D)Why** অ্যাথলেট'স ফুট (Athlete's foot): হাতের তালুর ভাঁজে, আঙ্গুলের পাশে এবং পায়ের আঙ্গুলের মাঝে এ সংক্রমণ বেশি দেখা যায়। এক্ষেত্রে ছত্রাক ও ব্যাকটেরিয়ার সংক্রমণের ফলে ত্বক শুষ্ক, লালচে ও খসখসে হয় এবং খোসপাঁচড়ার মতো চুলকায়। মাঝে মাঝে ত্বকে ফুসকুড়িও দেখা যায়।





**দৃষ্টি আকর্ষণ:** পড়া শুরু করার আগে জানতে হবে ভর্তি প্রশ্নের প্যাটার্ন, বুঝতে হবে প্রশ্নের গতি-প্রকৃতি অর্থাৎ কি স্টাইলে প্রশ্ন হয়। সেজন্য সাম্প্রতিক সালের ডেন্টাল ভর্তি পরীক্ষার প্রশ্নের খুঁটিনাটি অধ্যয়নভিত্তিক ছাড়াও শুরুতেই তুলে ধরা হলো যাতে তোমরা সহজেই ধারণা নিতে পারো। বিগত সালের প্রশ্নসহ অধ্যয়ন শেষে দুইটি পেপার ফাইনাল ও পাঁচটি মডেল টেস্ট সংযোজন করা হয়েছে।

জীববিজ্ঞান

৩০ × ১ = ৩০

সময় : ১৮ মিনিট

01. আমিষ পরিপাকে কাজ করে কোনটি?

A. অ্যামাইলেজ

B. কোলেস্টেরল এস্টারেজ

C. সূক্রোজ

D. ইলাস্টেজ

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	পরিপাক ও শোষণ	অগ্ন্যাশয় মিশ্রগ্রন্থি এর ছক

**SID Why** ইলাস্টেজঃ • অগ্ন্যাশয় রস হতে ক্ষরিত।

• আমিষ জাতীয় খাদ্যের উপর ক্রিয়াশীল।

ইলাস্টিন → ইলাস্টেজ → পেপটাইড

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্যঃ সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☑ পরিপাকের বিভিন্ন এনজাইম:

স্থান	খাবারের ধরন	এনজাইমের নাম
মুখ গহ্বর	শর্করা	টায়ালিন, মল্টেজ
পাকস্থলী (পাকরস)	আমিষ	পেপসিন, রেনিন, জিলেটিনেজ
	স্নেহ	গ্যাস্ট্রিক লাইপেজ
অগ্ন্যাশয় রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, মল্টেজ
	আমিষ	ট্রিপসিন, কাইমোট্রিপসিন, কার্বোক্সিপেপটাইডেজ, অ্যামিনো পেপটাইডেজ, ট্রাইপেপটাইডেজ, ডাইপেপটাইডেজ, কোলাজিনেজ, ইলাস্টেজ
	স্নেহ	লাইপেজ, ফসফোলাইপেজ, কোলেস্টেরল এস্টারেজ
আন্ত্রিক রস (ক্ষুদ্রান্ত্র)	শর্করা	অ্যামাইলেজ, আইসোমলটেজ, মলটেজ, সূক্রোজ, ল্যাক্টেজ
	আমিষ	অ্যামিনোপেপটাইডেজ
	স্নেহ	লাইপেজ, লেসিথিনেজ, মনোগ্লিসারাইডেজ
	নিউক্লিক এসিড	নিউক্লিয়েডেজ, নিউক্লিওটাইডেজ, নিউক্লিওসাইডেজ

02. ২য় প্রতিরক্ষা স্তরের অংশ কোনটি?

A. জ্বর

B. ত্বক

C. অ্যান্টিবডি

D. লিম্ফোসাইট

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	মানবদেহের প্রতিরক্ষা	দ্বিতীয় প্রতিরক্ষা স্তর এর ছক

**SAD Why** ২য় প্রতিরক্ষা স্তরঃ ১ম প্রতিরক্ষা স্তর ভেদ করে দেহে প্রবেশকারী অণুজীবের বিরুদ্ধে সক্রিয়।

• দেহাভ্যন্তরীণ কোষীয় ও রাসায়নিক প্রতিরক্ষা নিয়ে গঠিত স্তর।

• Non-specific প্রতিরক্ষা স্তর।

• জন্মগতভাবে প্রাপ্ত।

প্রথম প্রতিরক্ষা স্তরের উপাদান	দ্বিতীয় প্রতিরক্ষা স্তরের উপাদান	তৃতীয় প্রতিরক্ষা স্তরের উপাদান
<ul style="list-style-type: none"> <li>• ত্বক</li> <li>• লোম</li> <li>• সিলিয়া</li> <li>• কানের মোম (সেরুমেন)</li> <li>• অশ্রু, স্লেমা, ও লালা</li> <li>• পাকস্থলীর এসিড ও এনজাইম</li> <li>• রেচন ও জনন অঙ্গের এসিড</li> <li>• মলত্যাগ ও বমি</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• ফ্যাগোসাইটস</li> <li>• প্রাকৃতিক মারণ কোষ</li> <li>• কমপ্লিমেন্ট তন্ত্র</li> <li>• সাইটোকাইনস</li> <li>• ইন্টারফেরন</li> <li>• অ্যাকিউট ফেজ প্রোটিন</li> <li>• প্রদাহ</li> <li>• জ্বর</li> <li>• রক্ত তঞ্চন</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• লিম্ফোসাইট</li> <li>• অ্যান্টিবডি</li> <li>• স্মৃতিকোষ</li> </ul>

## 03. ৯ মাসের শিশুকে কোন টিকা দেওয়া হয়—

A. Measles

B. BCG

C. DPT

D. OPV

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	মানবদেহের প্রতিরক্ষা	জাতীয় কর্মসূচী অনুযায়ী টিকাদানের রূপরেখা

**SA Why** ১৯৭৪ সালের মে মাসে সরকারিভাবে বিশ্বব্যাপী টিকাদান বা অনাক্রম্যকরণ প্রকল্প শুরু করা হয়। এ প্রকল্পের মাধ্যমে ২০০০ সালের মধ্যে ৬টি রোগ নির্মূল করার লক্ষ্য নির্ধারিত হয়। **E.P.I. (Expanded on Program on Immunization)** এর অন্তর্ভুক্ত ৬টি রোগ হলো— ডিপথেরিয়া, হুপিংকাশি, ধনুষ্টংকার, পোলিও, হাম ও যক্ষ্মা। শিশুর ৯ মাস বয়সে মিসলস রোগের ভ্যাকসিন দেয়া হয়।

**অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য:** সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

বয়সকাল	সুপারিশকৃত টিকা	বয়সকাল	সুপারিশকৃত টিকা
জন্মের পর এক মাসের মধ্যে	BCG ও OPV-O	৯ মাস বয়সে	Measles vaccine
৬ সপ্তাহ বয়সে (দেড় মাস)	DPT-I, OPV-I এবং Hep-B-I	১৬ থেকে ২৪ মাস বয়সে	DPT ও OPV (Booster dose)
১০ সপ্তাহ বয়সে (আড়াই মাস)	DPT-II, OPV-II এবং Hep-B-II	৫ থেকে ৬ বছর বয়সে	DT vaccine
১৪ সপ্তাহ বয়সে (সোড়ে তিন মাস)	DPT-III, OPV-III এবং Hep-B-III	১০ থেকে ১৬ বছর বয়সে	TT vaccine

- OPV = Oral Polio Vaccine
- DT = Diphtheria and Tetanus
- BCG – I = 1st dose
- BCG = Bacillus Culmitte Guerin
- OPV – O = Zero dose
- DPT = Diphtheria, Pertussis, Tetanus
- OPV – I = 1st dose

## 04. গ্লাইকোজেন কোথায় সঞ্চিত হয়—

A. অগ্ন্যাশয়

B. ক্ষুদ্রান্ত্র

C. যকৃত

D. পাকস্থলী

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	পরিপাক ও শোষণ	যকৃতের সঞ্চয়ী ও বিপাকীয় ভূমিকা ছক

**SC Why** যকৃত দেহের প্রধান সঞ্চয় কেন্দ্র।

☐ গ্লাইকোজেন সঞ্চয়ঃ ক্ষুদ্রান্ত্র থেকে হেপাটিক পোর্টাল শিরার মাধ্যমে গ্লুকোজ যকৃতে প্রবেশ করে। রক্তের অতিরিক্ত গ্লুকোজ গ্লাইকোজেনেসিস প্রক্রিয়ায় গ্লাইকোজেনে রূপান্তরিত হয়ে যকৃতের সঞ্চয়ী কোষে জমা থাকে। ইনসুলিন নামক হরমোন এ প্রক্রিয়ায় সাহায্য করে। প্রয়োজনে এ গ্লাইকোজেন ভেঙ্গে রক্তে গ্লুকোজের মাত্রা সঠিক রাখে।

☐ যকৃতের অন্যান্য সঞ্চয়ী ভূমিকা :

বিষয়	বর্ণনা
রক্ত সঞ্চয়	<ul style="list-style-type: none"> <li>হেপাটিক পোর্টাল শিরা রক্তের ভাণ্ডার হিসেবে কাজ করে।</li> <li>যকৃত ১৫০০ ঘন সে.মি. পর্যন্ত রক্ত সঞ্চয় করে রাখতে পারে।</li> <li>রক্তক্ষরণ জনিত দুর্ঘটনায় সঞ্চিত রক্ত মূল সংবহনে মিলে রক্ত চাপের সমন্বয় ঘটায়।</li> </ul>
ভিটামিন সঞ্চয়	<ul style="list-style-type: none"> <li>স্নেহে দ্রবণীয় ভিটামিনসমূহ (A,D,E,K)।</li> <li>পানিতে দ্রবণীয় ভিটামিন (B ও C), ভিটামিন B<sub>12</sub> (সায়ানো কোবালামিন) ও B<sub>9</sub> (ফোলিক এসিড) সঞ্চয় করে।</li> <li>B<sub>12</sub> ও ফোলিক এসিড অস্থিমজ্জায় লোহিত রক্তকণিকা (RBC) তৈরি করে।</li> </ul>
মিনারেল সঞ্চয়	<ul style="list-style-type: none"> <li>কপার, জিংক, কোবাল্ট, মলিবডেনাম, আয়রন ও পটাশিয়াম যকৃতে সঞ্চিত থাকে।</li> <li>হিমোগ্লোবিন যকৃতের কুফার কোষের মাধ্যমে হিম ও গ্লোবিন এ পরিণত হয়।</li> <li>হিমের লৌহ অংশ ফেরিটিন হিসেবে যকৃতে জমা থাকে এবং ট্রান্সফেরিন রূপে পরিবাহিত হয়।</li> </ul>
পিত্তরস সঞ্চয়	<ul style="list-style-type: none"> <li>যকৃতে উৎপন্ন পিত্তরস পিত্তথলিতে জমা হয়।</li> <li>পিত্তথলি যকৃতের ডান খন্ডাংশের নিচে অবস্থান করে।</li> </ul>
চর্বি ও অ্যামিনো এসিড সঞ্চয়	<ul style="list-style-type: none"> <li>রক্তের অতিরিক্ত লিপিড গ্লাইকোলিপিড হিসেবে সঞ্চিত থাকে।</li> <li>দেহে অতিরিক্ত গ্লুকোজ যকৃতে চর্বিতে পরিণত হয়ে জমা হয়।</li> </ul>

## 05. যকৃতে কোন ভিটামিন থাকে?

A. Vit-B<sub>1</sub>B. Vit-B<sub>5</sub>C. Vit-B<sub>6</sub>D. Vit-B<sub>12</sub>

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	পরিপাক ও শোষণ	যকৃতের সঞ্চয়ী ও বিপাকীয় ভূমিকা ছক

**SD Why** ভিটামিন সঞ্চয়ঃ যকৃত স্নেহে দ্রবণীয় ভিটামিন (A, D, E, K), পানিতে দ্রবণীয় ভিটামিন (B ও C), সায়ানো কোবালামিন (B<sub>12</sub>) এবং ফলিক এসিড সঞ্চয় করে। B<sub>12</sub> এবং ফলিক এসিড অস্থিমজ্জায় লোহিত কণিকা তৈরিতে প্রয়োজন হয়।

## 06. কোন অ্যান্টিবডি ছত্রাকের সংক্রমণ প্রতিরোধ করে?

A. IgG

B. IgM

C. IgE

D. IgA

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আব্দুল আলীম স্যার	মানবদেহের প্রতিরক্ষা	অ্যান্টিবডি প্রকারভেদ

**SD Why** ছত্রাক সংক্রমণ প্রতিরোধ করতে পারে IgA।

প্রকার	বর্ণনা
ইমিউনোগ্লোবিউলিন-A (IgA)	<ul style="list-style-type: none"> <li>• মায়ের দুধের মাধ্যমে শিশুতে স্থানান্তরিত হয়।</li> <li>• দেহের মোট ইমিউনোগ্লোবিউলিনের মধ্যে 15% হলো IgA।</li> <li>• অস্ত্রে ও মলে যে IgA পাওয়া যায় তাকে ক্যাথো অ্যান্টিবডি বলে।</li> <li>• ছত্রাক সংক্রমণ প্রতিরোধ করতে পারে।</li> </ul>

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

#### ▣ অ্যান্টিবডির প্রকারভেদ:

প্রকার	বর্ণনা
ইমিউনোগ্লোবিউলিন-G (IgG)	<ul style="list-style-type: none"> <li>• দেহের মোট ইমিউনোগ্লোবিউলিনের ৭৫% IgG।</li> <li>• একমাত্র অ্যান্টিবডি যা গর্ভাবস্থায় অমরা অতিক্রম করে জন্মদেহে বাহিত হয়।</li> </ul>
ইমিউনোগ্লোবিউলিন-M (IgM)	<ul style="list-style-type: none"> <li>• দেহের মোট ইমিউনোগ্লোবিউলিনের ৫-১০% IgM।</li> <li>• এটি কমপ্লিমেন্ট সিস্টেমকে সক্রিয় করে।</li> <li>• অধিকাংশ ব্যাকটেরিয়া ও কিছু ভাইরাসের বিরুদ্ধে স্পেসিফিক ইমিউন সাড়া দেয়ার ক্ষেত্রে IgG ও IgM একত্রে কাজ করে।</li> </ul>
ইমিউনোগ্লোবিউলিন-E (IgE)	<ul style="list-style-type: none"> <li>• দেহের মোট ইমিউনোগ্লোবিউলিনের পরিমাণ ০.১% হচ্ছে IgE.</li> <li>• হিস্টামিন ক্ষরণকে উদ্দীপ্ত করে এটি প্রদাহ সাড়া সক্রিয় করে।</li> <li>• বিভিন্ন অ্যালার্জিক সাড়া দানে (যেমন- সন্ধিবাত্তে) এ অ্যান্টিবডির ভূমিকা বেশ নেতিবাচক বলে প্রমাণিত হয়েছে।</li> </ul>
ইমিউনোগ্লোবিউলিন-D (IgD)	<ul style="list-style-type: none"> <li>• B-কোষের কাজের সূচনা ঘটায়।</li> <li>• দেহের মোট ইমিউনোগ্লোবিউলিনের ১% এর কম হচ্ছে IgD</li> <li>• রক্ত, লসিকা ও লিম্ফোসাইট B-কোষে পাওয়া যায়।</li> </ul>

#### 07. মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ কোনটি?

A. সেরেবেলাম

B. গুরুমস্তিষ্ক

C. থ্যালামাস

D. পনস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	সমন্বয় ও নিয়ন্ত্রণ	মস্তিষ্কের বিভিন্ন অংশের কাজ

**SBWhy** সেরেব্রাম বা গুরুমস্তিষ্ক হলো মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ। মস্তিষ্কের ওজনের ৮০% অংশজুড়েই থাকে সেরেব্রাম।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

#### ■ মস্তিষ্কের বিভিন্ন অংশের কাজ:

নাম	গঠন	কাজ
থ্যালামাস	<ul style="list-style-type: none"> <li>• সেরেব্রাল মেডুলায় অবস্থিত গ্রে ম্যাটারে গঠিত দুটি ডিম্বাকার অঞ্চল।</li> <li>• প্রতিটি থ্যালামাসের সাথে গ্রে ম্যাটারে গঠিত একটি পিডাকার ব্যাসাল গ্যাংলিয়া থাকে।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• আন প্রবাহ ছাড়া সকল প্রকার সংবেদী স্নায়ুপ্রবাহ যেমন- তাপ, চাপ, টান, কম্পন, স্পর্শ, শ্রবণ প্রভৃতি উদ্দীপনা এবং ক্রোধ, পীড়ন, ভয়, আনন্দ, প্রভৃতি আবেগজনিত প্রতিবর্তী ক্রিয়া থ্যালামাসের মাধ্যমেই সংঘটিত হয়।</li> <li>• মানুষের ব্যক্তিত্ব ও সামাজিক আচরণ নিয়ন্ত্রণ করে।</li> <li>• ঘুমন্ত ব্যক্তিকে হঠাৎ জাগিয়ে তোলা ও পরিবেশ সম্পর্কে সতর্ক করে।</li> <li>• ব্যক্তির সচেতনতার মাত্রা ও সতর্কতার সাথে জড়িত।</li> <li>• সংজ্ঞাবহ স্নায়ুর রিলে স্টেশন হিসেবে কাজ করে।</li> </ul>
সেরেবেলাম	<ul style="list-style-type: none"> <li>• পশ্চাৎ মস্তিষ্কের সবচেয়ে বড় অংশ (মস্তিষ্কের প্রায় ১১%) ও দুটি সমগোলার্ধে গঠিত।</li> <li>• গোলার্ধ দুটি ভার্মিস নামক যোজক কলা দিয়ে যুক্ত।</li> <li>• পূর্ণ বয়স্ক মানুষে গড় ওজন প্রায় ১৫০ গ্রাম।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• ঐচ্ছিক চলাফেরা ও পেশিটান নিয়ন্ত্রণ করে।</li> <li>• দেহের ভারসাম্য, অবস্থান ও চলাফেরার দিক নির্ধারণ করে।</li> <li>• দেহভঙ্গি বজায় রাখে ও মাথা ও চোখের সঞ্চালন নিয়ন্ত্রণ করে।</li> <li>• দেহের সকল ধরনের স্বয়ংক্রিয় কার্যকলাপ নিয়ন্ত্রণ করে।</li> <li>• দাঁড়ানো, দৌড়ানো, লাফানো ইত্যাদি কাজের সাথে জড়িত পেশিসমূহের কার্যাবলি নিয়ন্ত্রণ করে।</li> </ul>
পনস	<ul style="list-style-type: none"> <li>• মেডুলা অবলংগাটার উপরের অংশের মেঝেতে অবস্থিত এবং আড়াআড়ি স্নায়ুতন্ত্র নির্মিত একটি পুরু ব্যান্ড।</li> </ul>	<ul style="list-style-type: none"> <li>• সেরেবেলাম, সুষুম্নাকাণ্ড ও মস্তিষ্কের অংশের মধ্যে রিলে স্টেশন হিসেবে কাজ করে।</li> <li>• এটি প্রতিবর্ত কেন্দ্র (reflex center) হিসেবে কাজ করে।</li> <li>• স্বাভাবিক শ্বাসক্রিয়ার হার নিয়ন্ত্রণ করে।</li> <li>• মেডুলার শ্বসনকেন্দ্র থেকে প্রাপ্ত ফলাফলকে প্রয়োজনে পরিবর্তন করে।</li> </ul>

#### 08. হরমোনের বৈশিষ্ট্য কোনটি?

A. বহিঃক্ষরা গ্রন্থি থেকে উৎপন্ন হয়

B. অধিকমাত্রায় কার্যক্রম

C. নিঃসৃত হয়ে দূরে কাজ করে

D. বৃহত্তম অণু

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	সমন্বয় ও নিয়ন্ত্রণ	হরমোনের বৈশিষ্ট্য

**SCWhy** হরমোন উৎপত্তিস্থল থেকে (নির্দিষ্ট কোষ বা কোষগুচ্ছ বা গ্রন্থি থেকে) সংবহনতন্ত্রের মাধ্যমে দেহের দূরবর্তীস্থানে পরিবাহিত হয়ে নির্দিষ্ট অংশে কাজ করে।

**অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য:** সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ হরমোনের বৈশিষ্ট্য:

- হরমোন এক ধরনের ক্ষুদ্র ও জৈব অণু এবং রক্তে বাহিত হয়।
- উৎপত্তিস্থল থেকে (নির্দিষ্ট কোষ বা কোষগুচ্ছ বা গ্রন্থি থেকে) সংবহনতন্ত্রের মাধ্যমে দেহের দূরবর্তীস্থানে পরিবাহিত হয়ে নির্দিষ্ট অংশে কাজ করে।
- দ্রবনীয় জৈব অনুঘটকের কাজ করে কিন্তু কাজ শেষে ধ্বংসপ্রাপ্ত হয়।
- স্বল্প মাত্রায় বা ঘনত্বে কার্যকরী হয় এবং ক্রিয়ার স্থায়িত্বকাল অনেকদিন বজায় থাকে।
- সাধারণত ভবিষ্যতের জন্য জমা থাকে না।
- একটি অন্তঃক্ষরা গ্রন্থি থেকে একাধিক হরমোন ক্ষরিত হতে পারে কিন্তু এগুলোর কাজ বা ক্ষরণ পরস্পর নির্ভরশীল নয়।
- স্নায়ুতন্ত্রের সাথে সম্পর্ক রেখে হরমোন বিভিন্ন দৈহিক ও শারীরবৃত্তিক কাজ নিয়ন্ত্রণ করে।
- হরমোন জীবদেহের কোষে কোষে রাসায়নিক সংযোগ সাধন করে এবং রাসায়নিক বার্তা প্রেরণ করে।

09. চিকিৎসাবিজ্ঞানের যে শাখায় স্থূলতার কারণ, চিকিৎসা ও প্রতিরোধ নিয়ে আলোচনা হয়?

- A. ব্যারিয়ার্ট্রিকস B. জেরিয়াট্রিকস C. পেডিয়াট্রিকস D. অর্থোপেডিকস

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	পরিপাক ও শোষণ	স্থূলতা

**SAWhy** স্থূলতার চিকিৎসার জন্য চিকিৎসাবিজ্ঞানে একটি নতুন শাখা সৃষ্টি হয়েছে। একে ব্যারিয়ার্ট্রিকস বলে। বিজ্ঞানের এই শাখায় স্থূলতার কারণ, প্রতিরোধ, চিকিৎসা ও অস্ত্রোপচার সম্বন্ধে আলোচনা করা হয়।

**অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য:** সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

- ☐ পেডিয়াট্রিকস হল মেডিসিনের একটি শাখা যেখানে শিশু, কিশোরদের চিকিৎসা সেবা জড়িত।
- ☐ অর্থোপেডিক্স কঙ্কালতন্ত্রের চিকিৎসা সেবার সাথে জড়িত। এই সিস্টেমে পেশি, হাড়, জয়েন্ট, লিগামেন্ট এবং টেন্ডন রয়েছে।
- ☐ জেরিয়াট্রিকস বয়স্ক (৬৫ বছরের উর্ধ্বে) মানুষের চিকিৎসা সেবার সাথে জড়িত।

10. নিচের কোনটি অ্যাথ্রানুলোসাইট?

- A. নিউট্রোফিল B. ইওসিনোফিল C. লিম্ফোসাইট D. বেসোফিল

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	রক্ত ও সংবহন	অ্যাথ্রানুলোসাইট বা অদানাদার লিউকোসাইট

**SCWhy** অ্যাথ্রানুলোসাইট বা দানাবিহীন WBC: লিম্ফোসাইট, মনোসাইট।

**অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য:** সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

☐ শ্বেত রক্তকণিকা সম্পর্কিত তথ্যাবলি:

থ্রানুলোসাইট বা দানাদার WBC	নিউট্রোফিল	<ul style="list-style-type: none"> <li>• নিউট্রোফিল অ্যামিবিয়ড চলনে সক্ষম এবং সংকুচিত হয়ে কৈশিক জালিকার প্রাচীরে কণিকার চেয়ে ছোট ছিদ্র ভেদ করে চিস্যুতে ও সংক্রমণস্থলে উপস্থিত হতে পারে বলে এই প্রক্রিয়াকে ডায়াপেডেসিস বলে।</li> <li>• ফ্যাগোসাইটোসিসের মাধ্যমে দেহে প্রবিশ্ট জীবাণুকে সম্পূর্ণ গ্রাস করা।</li> </ul>
	ইওসিনোফিল	<ul style="list-style-type: none"> <li>• বড় জীবাণু, লার্ভা, <i>Trichinella</i>, <i>Schistosoma</i> পরজীবী ধ্বংস করে।</li> <li>• অ্যালার্জিকজনিত প্রতিক্রিয়া গ্রহণ করা এবং তার মাত্রা নিয়ন্ত্রণের মাধ্যমে কষ্ট লাঘব করা।</li> </ul>
	বেসোফিল	<ul style="list-style-type: none"> <li>• হেপারিন ও হিস্টামিন নামক দুই ধরনের রাসায়নিক পদার্থ নিঃসরণ করে। অধিক রক্ত প্রবাহের জন্য হিস্টামিন রক্তনালিকে প্রসারিত করে। হেপারিন রক্তনালিতে রক্তকে জমাট বাঁধতে দেয় না।</li> </ul>
অ্যাথ্রানুলোসাইট বা অদানাদার লিউকোসাইট	মনোসাইট	মনোসাইট হলো সবচেয়ে বড় শ্বেত কণিকা। ম্যাক্রোফেজ হিসেবে মৃতকোষ ভক্ষণ করে। অস্থিমজ্জার মনোসাইট কোষ থেকে উৎপত্তি। দেহের ২-৮% শ্বেতকণিকা মনোসাইট।
	লিম্ফোসাইট	এগুলো লসিকাতন্ত্রে সৃষ্ট হয়। আয়ুষ্কাল ৭ দিন। মানব রক্তে দুই ধরনের লিম্ফোসাইট থাকে, যথা- T-কোষ, B-কোষ। অ্যান্টিবডি তৈরি করে জীবাণু ধ্বংস করে। তাই এদেরকে আণুবীক্ষণিক সৈনিকও বলা হয়।

11. জন্মনিয়ন্ত্রণ এর অস্থায়ী দীর্ঘমেয়াদি পদ্ধতি কোনটি?

- A. কনডম B. ডায়াফ্রাম C. ইনজেকশন D. লাইগেশন

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	মানবজীবনের ধারাবাহিকতা	গর্ভনিরোধ পদ্ধতি ও পরিবার পরিকল্পনা

**SCWhy** বেশ কয়েক মাস গর্ভধারণের ঝুঁকিমুক্ত থাকার জন্য DMPA (Depot-Medroxy Progesteron Acetate) ও NETEN (Norethisterone Enantate) নামক প্রোজেস্টেরন সমৃদ্ধ এক ধরনের ইনজেকশন ব্যবহার করা হয়।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ গর্ভনিরোধক পদ্ধতি ও পরিবার পরিকল্পনা:

অস্থায়ী গর্ভনিরোধক পদ্ধতি	
শারীরিক পদ্ধতি	■ নিরাপদ সময় নির্বাচন। ■ শিশু বহিষ্করণ।
রাসায়নিক পদ্ধতি	■ শুক্রনাশক জেলি, ক্রীম, ফেনা বা ফোম বড়ি, জেল প্রভৃতি।
যান্ত্রিক পদ্ধতি	■ কনডম ■ স্পঞ্জ ■ ডায়াফ্রাম ■ অন্তর্জরায়ু গর্ভনিরোধক ব্যবস্থা
শারীরবৃত্তীয় পদ্ধতি	■ জন্মনিয়ন্ত্রণ বড়ি: রজঃচক্রের ৫-২৫ দিন পর্যন্ত প্রতিদিন একটি করে বড়ি গ্রহণ করতে হয়। ■ ইনজেকশন
গর্ভপাত	■ অস্ত্রোপচারের সাহায্যে বা বিশেষ রাসায়নিক পদার্থ প্রয়োগে ২-৩ মাস বয়সী জনকে বিচ্যুত করিয়ে জন্মনিয়ন্ত্রণ করা যায়।
স্থায়ী গর্ভনিরোধক পদ্ধতি	
ভ্যাসেকটমি	■ পুরুষের ক্ষেত্রে উভয় দিকের ভাস ডিফারেন্স বা শুক্রনালির অংশকে কেটে বেঁধে দেয়া হয়।
টিউবেকটমি বা লাইগেশন	■ মহিলাদের ক্ষেত্রে উভয় দিকের ফেলোপিয়ান নালির অংশ কেটে বেঁধে দেয়া হয়।

12. রুই মাছের প্রাকৃতিক প্রজনন কেন্দ্র –

A. আড়িয়াল খা B. কর্ণফুলী C. করতোয়া D. মেঘনা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	প্রাণীর পরিচিতি (রুইমাছ)	রুইমাছ

SA Why বাংলাদেশে রুই মাছের প্রাকৃতিক জননক্ষেত্র:

- চট্টগ্রামের হালদা নদী (পৃথিবীর বৃহত্তম প্রাকৃতিক প্রজনন ক্ষেত্র)।
- পদ্মা নদীর রাজশাহী ও চাঁপাইনবাবগঞ্জ অঞ্চল।
- কুষ্টিয়া শহরের পার্শ্ববর্তী গড়াই নদী।
- চলন বিল ও টাঙ্গুয়ার হাওরের প্লাবনভূমি।
- যমুনা নদীর আরিচা, সিরাজগঞ্জ, বাহাদুরাবাদ ও ফুলছড়ি ঘাটের নিকটস্থ অঞ্চল।
- ময়মনসিংহ শহরের পার্শ্ববর্তী আদি ব্রহ্মপুত্র নদ।
- রাজবাড়ী ও ফরিদপুরের পার্শ্ববর্তী আড়িয়াল খা ও মধুমতি নদী।

13. প্লাজমা সম্পর্কে কোনটি সঠিক?

A. রেচন পদার্থ বহন করে B. রক্তে বিলিরুবিন ও বিলিভার্ডিন উৎপন্ন করে  
C. জমাট বাধতে পারে না D. সেরোটোনিন ক্ষরণ করে

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	রক্ত ও সংবহন	রক্তরস বা প্লাজমা

SA Why রক্তরস বা প্লাজমার কাজ:

- রক্তের তরলতা রক্ষা করে এবং ভাসমান রক্ত কণিকাসহ অন্যান্য দ্রবীভূত পদার্থ দেহের সর্বত্র পরিবাহিত হয়।
- পরিপাককৃত খাদ্যসার বিভিন্ন টিস্যু ও অঙ্গে বহন করে।
- টিস্যু থেকে বর্জ্য পদার্থ রেচনের জন্য বৃক্ক পরিবহন।
- অধিকাংশ CO<sub>2</sub> এবং অল্প পরিমাণে O<sub>2</sub> পরিবহন।
- হরমোন, এনজাইম, লিপিড, অ্যান্টিবডি প্রভৃতি বিভিন্ন অঙ্গে বহন করে।
- রক্ত জমাট বাঁধার প্রয়োজনীয় উপাদানগুলো পরিবহনে দেহের প্রোটিন আধার হিসেবে কাজ করে।
- রক্তের অম্ল-ক্ষারের ভারসাম্য রক্ষা।

অন্যান্য অপশন সম্পর্কিত তথ্য: সঠিক উত্তর ব্যতীত বাকি অপশনগুলোর পোস্টমর্টেম:

■ RBC এর কাজ:

- লোহিত কণিকার হিমোগ্লোবিন ফুসফুস থেকে দেহকোষে অধিকাংশ O<sub>2</sub> এবং সামান্য পরিমাণ CO<sub>2</sub> পরিবহন করে।
- লোহিত রক্তকণিকা এনজাইমরূপী নাইট্রিক অক্সাইড উৎপাদন করতে পারে যা এন্ডোথেলিয়াল কোষের L-arginine এর মতো ব্যবহৃত হয়।
- এরা হাইড্রোজেন সালফাইড গ্যাস উৎপাদন করে যা রক্তনালির সংকোচনের জন্য সংকেত প্রদান করে।
- রক্তের ঘনত্ব ও সান্দ্রতা রক্ষা করে।
- বাফার হিসেবে অম্ল-ক্ষারের ভারসাম্য এবং আয়নিক ভারসাম্য রক্ষা করে।
- প্লাজমা ঝিল্লিতে উপস্থিত অ্যান্টিজেন ব্লাড গ্রুপিংয়ের জন্য দায়ী।
- রক্তে বিলিরুবিন (হলুদ) ও বিলিভার্ডিন (সবুজ) নামক বর্ণকণিকা উৎপন্ন করে।

■ অণুচক্রিকার কাজ:

- রক্ত তঞ্চনে সহায়তা করে।
- ক্ষতস্থানে রক্ত তঞ্চনের জন্য প্রয়োজনীয় থ্রম্বোকাইনেজ এনজাইম সৃষ্টি করে এবং হিমোস্ট্যাটিক প্লাগ অথবা প্লাটিলেট প্লাগ গঠন করে রক্তক্ষরণ বন্ধ করে।
- সেরোটোনিন ক্ষরণ করে যা রক্তনালির সংকোচন ঘটিয়ে রক্তপাত হ্রাস করে।
- ফ্যাগোসাইটোসিস পদ্ধতিতে কার্বন কণা, ইমিউন কমপ্লেক্স, ব্যাকটেরিয়া ও ভাইরাসকে ভক্ষণ করে এবং ক্লটিং ফ্যাক্টর ক্ষরণ করে।
- রক্তবাহিকার এন্ডোথেলিয়ামের অন্তঃপ্রাচীর সুরক্ষার জন্য প্রোথ-ফ্যাক্টর ক্ষরণ করে।

## 14. কোন মাছ মিঠাপানির এন্ডেমিক?

A. ইলিশ

B. ডলফিন

C. হাঙ্গর

D. পাবদা

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আজিবুর রহমান স্যার	জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ	ওরিয়েন্টাল অঞ্চলের কয়েকটি এন্ডেমিক

**SO Why** বাংলাদেশের বিপদাপন্ন বা এন্ডেমিক প্রাণির তালিকা:

- |                        |                       |                        |             |
|------------------------|-----------------------|------------------------|-------------|
| • রয়েল বেঙ্গল টাইগার। | • বনরুই।              | • শুশুক।               | • রাজ শকুন। |
| • ঘড়িয়াল।            | • মিঠা পানির কুমির।   | • বেঙ্গল রুফ কাইট্রা।  | • নীল গাই।  |
| • মহা শোল।             | • এশিয়ান হাতি।       | • কালো ভালুক।          | • শকুন।     |
| • বাজপাখি।             | • এশিয়ার বৃহৎ কাছিম। | • নরম শিম্ভের কাইট্রা। | • ব্যাঙ।    |
| • গজার মাছ।            | • বাটা।               | • কাল বাউস মাছ।        | • বাইম মাছ। |
| • বউ বা রাণী মাছ।      | • মধু পাবদা।          | • ঢেলা মাছ।            | • চক মাছ।   |

## 15. AIDS সম্পর্কে নিচের কোনটি সঠিক?

A. শ্যাকার দেখা যায়

B. ব্যাকটেরিয়া জনিত রোগ

C. মাতৃ থেকে সন্তানে স্থানান্তরিত হয়

D. শরীরের ওজন বেড়ে যায়

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	গাজী আজমল স্যার	মানবজীবনের ধারাবাহিকতা	যৌনবাহিত রোগ

**SC Why** AIDS রোগের লক্ষণ:

- প্রাথমিক অবস্থায় দেহে জ্বর আসে এবং অপ্রত্যাশিতভাবে জ্বর দীর্ঘায়িত হয়।
- দেহের বিভিন্ন গ্রন্থি ফুলে যায় এবং শরীর শুকিয়ে যায় ও ওজন কমতে থাকে।
- পেটে ব্যাথা হয় এবং খাবারে অনীহা সৃষ্টি হয়।
- ফুসফুসে জীবাণুর আক্রমণ ঘটে এবং বুকে ব্যাথাসহ শুষ্ক কফ জমে।
- অস্থিসন্ধিসমূহে প্রচণ্ড ব্যাথা সৃষ্টি হয় এবং দেহে জ্বালাপোড়া হয়।
- শ্বাসকষ্ট, জিহ্বায় সাদা স্তর জমা, ত্বকের মিউকাস বিল্লি বা যে কোনো ছিদ্র থেকে রক্তপাত, ঘন ঘন ফুসকুড়ি, সার্বক্ষণিক মাথা ব্যাথা এবং ক্রমশঃ স্মৃতিশক্তি ও দৃষ্টিশক্তি হ্রাস পায়।
- সংক্রমণের চূড়ান্ত পর্যায়ে রোগী যক্ষ্মা, নিউমোনিয়া, ডায়রিয়া, অন্ধত্ব প্রভৃতি একাধিক রোগে আক্রান্ত হয়ে রোগ প্রতিরোধ ক্ষমতা হারিয়ে পরিশেষে মৃত্যুবরণ করে।

**অন্যান্য যৌনবাহিত রোগঃ**

• **পুরুষে গনোরিয়ার লক্ষণঃ**

- পেনিসের মাথা প্রথমে লাল হয়ে ওঠে ও চুলকায়। পরবর্তীতে সেখান থেকে পুঁজ প্রকাশ পায়।
- কুচকির লসিকাগ্রন্থি ফুলে যায় এবং ব্যাথা হয়।
- সেমিনাল ভেসিকল আক্রান্ত হলে রক্তপূর্ণ বীর্যপাত হয় এবং ব্যাথা হয়।
- প্রস্টেট আক্রান্ত হলে পায়ুর সম্মুখে ব্যাথা হয় এবং মলত্যাগের সময় ব্যাথা বেড়ে যায়।

• **নারীতে গনোরিয়ার লক্ষণঃ**

- সংক্রমণের কারণে যোনির ওষ্ঠে লাল ও দগদগে ঘা হয়।
- প্রস্রাবের যন্ত্রণা, প্রস্রাবের তীব্র আকাজক্ষা, ঘন ঘন প্রস্রাব হয়।
- পায়ুপথে সংক্রমিত হলে পায়ুপথে তীব্র প্রদাহ ও রক্ত স্রাব হতে পারে। মায়ের এ রোগ থাকলে শিশু অপথালমিয়া নিওন্যাটারাম নামক চোখের প্রদাহ নিয়ে জন্ম নিতে পারে।

• **সিফিলিস রোগের লক্ষণঃ**

- প্রাথমিক পর্যায়ঃ ২১ দিন পর ১টি মাত্র সিফিলিটিক ক্ষত প্রকাশিত হয়। এটি দৃঢ়, গোল ও ব্যাথাহীন ক্ষত।
- মাধ্যমিক পর্যায়ঃ গায়ে ক্ষুদ্র ক্ষুদ্র ফুসকুড়ি দেখা দেয়া এবং সিফিলিটিক ক্ষত অমসৃণ, লাল বা লালচে দাগ হিসেবে হাত-পায়ের তালুতে আবির্ভূত হওয়া এ পর্যায়ের লক্ষণ।
- সুপ্ত পর্যায়ঃ প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের লক্ষণগুলো অদৃশ্য হলে শুরু হয় সুপ্ত পর্যায়। এ সময় আক্রান্তের দেহে কোনো ক্ষত, ফুসকুড়ি বা অন্যান্য লক্ষণ দেখা যায় না।
- বিলম্বিত পর্যায়ঃ রোগের বিলম্বিত দশায় রোগীর মস্তিষ্ক, স্নায়ু, চোখ, হৃৎপিণ্ড, রক্তকণিকা, যকৃত, গ্রন্থি ও সন্ধির ক্ষতি সাধন করে। ফলে পেশি সঞ্চালনে বিঘ্ন ঘটে, দেখা দেয় পঙ্গুত্ব, অক্ষত্ব, হতবুদ্ধি ও অস্থিরচিত্ত। এ অবস্থায় মানুষের মৃত্যু ঘটে।

## 16. ঘৃতকুমারী কি উদ্ভিদ?

A. জলজ

B. মরুজ

C. মেসোফাইট

D. লোনামাটির

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান স্যার	জীবের পরিবেশ, বিস্তার ও সংরক্ষণ	মরুউদ্ভিদের উদাহরণ

**SB Why** বিভিন্ন প্রকার উদ্ভিদের উদাহরণঃ

মরুজ উদ্ভিদ (জেরোফাইট)	লোনা মাটির উদ্ভিদ (হ্যালোফাইট)
ফণিমনসা ( <i>Opuntia dillenii</i> ), শতাব্দী উদ্ভিদ ( <i>Agave americana</i> ), খেজুর ( <i>Phoenix sylvestris</i> , <i>P. dactylifera</i> , <i>P. acaulis</i> ), করবী ( <i>Nerium indicum</i> ), ঘৃতকুমারী ( <i>Aloe vera</i> ), শতমূলী ( <i>Asparagus racemosus</i> ), আকন্দ ( <i>Calotropis procera</i> ), দুধ লতা ( <i>Euphorbia tenuicalli</i> ), পাথরকুচি ( <i>Bryophyllum</i> )।	বোরা ( <i>Rhizophora conjugata</i> ), কেওড়া ( <i>Sonneratia apetala</i> ), পশুর ( <i>Zylocarpus moluccensis</i> ), গোলপাতা ( <i>Nipa fruticans</i> ), হারগোজা ( <i>Acanthus illicifolius</i> ), সুন্দরী ( <i>Heritiera fomes</i> ), গেওয়া ( <i>Excoecaria agallocha</i> ), ধুন্দুল ( <i>Xylocarpus granatum</i> )।

## জলজ উদ্ভিদ (হাইড্রোফাইট)

○ অভিযোজনের ভিত্তিতে জলজ উদ্ভিদের শ্রেণীবিভাগ:

মুক্ত-ভাসমান জলজ	কচুরিপানা ( <i>Eichhornia crassipes</i> ), টোপাপানা ( <i>Pistia stratiotes</i> ), গুড়িপানা ( <i>Wolffia</i> ), স্পাইরোডেলা ( <i>Spirodella</i> )
মূলাবদ্ধ পত্র-ভাসমান জলজ	শাপলা ( <i>Nymphaea nouchali</i> ), পদ্ম ( <i>Nelumbo nucifera</i> ), সিংগারা ( <i>Trapa</i> ), মাখনা ( <i>Euryale</i> ), পানিকলা ( <i>Ottelia</i> )
মূলাবদ্ধ-নিমজ্জিত জলজ	হাইড্রিলা ( <i>Hydrilla verticillata</i> ), পাতা শেওলা ( <i>Vallisneria</i> ), পাতা বাঁঝি ( <i>Potamogeton</i> )
মুক্ত-নিমজ্জিত জলজ	ঝাঁঝি ( <i>Ceratophyllum</i> ), ন্যাজাস ( <i>Najas indica</i> )
উভচর উদ্ভিদ	পানি মরিচ, হেলেক্সগ, কলমিলতা ( <i>Ipomoea aquatica</i> ), কেশরদাম ( <i>Ludwigia repens</i> )

17. নিচের কোনটি ছত্রাকের বৈশিষ্ট্য?

A. যৌন ও অযৌন জনন B. থ্যালাস ডিপ্লয়েড C. জননাস্ত বহুকোষী D. ভাস্কুলার টিস্যু আছে

পোস্ট মর্টেম	প্রশ্নটি যে লেখকের বই থেকে করা হয়েছে	প্রশ্নটি যে অধ্যায় থেকে করা হয়েছে	প্রশ্নটি যে টপিকস থেকে করা হয়েছে
	আবুল হাসান স্যার	শৈবাল ও ছত্রাক	ছত্রাকের প্রজনন

S(A) Why ছত্রাকের বৈশিষ্ট্য:

- ছত্রাক ক্লোরোফিলবিহীন, অসবুজ, সালোকসংশ্লেষণে অক্ষম, অপুষ্পক উদ্ভিদ।
- এরা মৃতজীবী, পরজীবী বা মিথোজীবী হিসেবে বাস করে।
